**একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়ঃ আগামী ১৮ অক্টোবর ২০২১ "শেখ রাসেল দিবস" উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ : ১২ অক্টোবর ২০২১
সময় : দুপুর ১২.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) সভার কার্যপত্র এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠান স্ব-স্ব অনুষ্ঠানসূচি প্রণয়ন করে এবং কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের জন্য মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর-সংস্থাসমূহের কর্মসূচি নির্ধারনের বিষয়ে এই প্রস্তুতি সভা আয়োজন করা হয়েছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য
"শেখ রাসেল
দীপ্ত জয়োল্লাস
অদম্য আত্মবিশ্বাস"

২। সভাপতির আহবানে শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও দপ্তর/স্থংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে যথাসম্ভব তথ্য-প্রযুক্তি ব্যবহার করে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | ১৮/১০/২০২১ তারিখ সকাল ৯.৪৫ এ নৌপরিবহন মন্ত্রণালয় এবং সকল দপ্তর-সংস্থার অংশগ্রহণে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিসি |
| ২. | নৌপরিবহন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং দপ্তর-সংস্থাসমূহের প্রধানগণের অংশগ্রহণে দিবসের প্রতিপাদ্যকে কেন্দ্র করে ১৮/১০/২০২১ তারিখ ১০.০০ টায় বিআইডব্লিউটিসি এর সভাকক্ষে আলোচনা সভার আয়োজন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিসি ও আওতাধীন সকল দপ্তর-সংস্থা |
| ৩. | সদরঘাটে শেখ রাসেল এর ছবি সম্বলিত ব্যানার স্থাপন ও তার আশে-পাশের দুস্থ, | বিআইডব্লিউটিএ |

| | | |
|---|---|---|
| | অসহায় ও পথশিশুদের মাঝে খাবার বিতরণ, শিশুদের মাঝে কুইজ, চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হবে। দিবসের তাৎপর্য/প্রতিপাদ্য প্রকাশ করে এরূপ ব্যানার-ফেস্টুন প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ৪. | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি পালনের জন্য শেখ রাসেল দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কুইজ, রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| ৫. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা আয়োজন করা হবে। শেখ রাসেল এর ছবিসহ ব্যানার স্থাপন করা হবে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ অনলাইন রচনা, কুইজ এবং ক্রিকেট টুর্নামেন্ট এর আয়োজন করা হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |
| ৬. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে "শেখ রাসেল নামক সি-ট্র্যাকটি" সুসজ্জিত এবং ডকুমেন্টরি প্রদর্শন করা হবে। দপ্তর/সংস্থার মসজিদসমূহে বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিসি |
| ৭. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, বৃক্ষরোপণসহ শেখ রাসেল এর প্রতিকৃতিতে অভিবাদন প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। মিলাদ মাহফিলের আয়োজন করা হবে। | ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট |
| ৮. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হবে। | পাবক, জানরক, নৌপরিবহন অধিদপ্তর, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর |
| ৯. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিল এর আয়োজন করা হবে। | বাংলাদেশ শিপিং কর্পোরেশন |
| ১০. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিল, আলোচনা সভার আয়োজন করা হবে। | বাংলাদেশ মেরিন একাডেমী, বরিশাল, রংপুর, সিলেট ও পাবনা |

৩। সভাপতি দিবসটির যথাযোগ্য মর্যাদা অক্ষুন্ন রেখে পালনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:-

তারিখ: ১৪-১০-২০২১

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৯.২১-৭৩

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪২৭ বঙ্গা:
১৫ অক্টোবর, ২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত সকল কর্মকর্তাগণকে সচিবালয়ের অভ্যন্তরে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫/১০/২০২১

মোসা: শুকরিয়া পারভীন
উপসচিব
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd